আজকের কাগজ

তারিখ 26 MAY 1994
পৃষ্ঠা ৩ কলাম ২

# দেশে শিক্ষার আলো ছড়িয়ে দেয়া সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের লক্ষ্য

-বাণিজ্যমন্ত্রী

বাণিজ্য মন্ত্রী এম শামসুল ইসলাম বলেছেন, চলমান উন্নয়ন কর্মকাণ্ডের সুফল সংহত করার জন্যে সার্বজনীন শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন অপরিহার্য।

তিনি বলেন নিরক্ষরতা দূরীকরণের মাধ্যমে সারাদেশে শিক্ষার আলো ছড়িয়ে দেয়া বর্তমান সরকার পরিচালিত উন্নয়ন কর্মকাণ্ডের অন্যতম লক্ষ্য।

মন্ত্রী আজ মুন্সীগঞ্জ জেলার রামপাল কলেজের একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

জেলা প্রশাসকের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক ও কলেজের প্রিন্সিপাল বোরহানউদ্দিন দেওয়ান বক্তব্য রাখেন।

শিক্ষাক্ষেত্রে সরকার গৃহীত উন্নয়নমুখী কর্মসূচির বর্ণনা দিয়ে মন্ত্রী বলেন, প্রতিটি থানায় ১৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে উন্নয়ন কার্যক্রমের আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় পদক্ষেপ ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে। তিনি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি ছাত্র-ছাত্রীদেরকে প্রকৃত জ্ঞান অর্জনের মাধ্যমে সুনাগরিক হিসেবে গড়ে উঠার আহবান জানান।

শিক্ষা সচিব ইরশাদুল হক শিক্ষামন্ত্রণালয়ে বর্তমান সরকার সূচিত গণমুখী কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা করার জন্যে শিক্ষক ও অভিভাবকদের প্রতি অনুরোধ জানান।

উল্লেখ্য, তিন তলা বিশিষ্ট এই নতুন ভবন নির্মাণের জন্যে ৬০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

মন্ত্রী জেলার অন্যান্য নয়টি শিক্ষা প্রতিষ্ঠানের বই কেনার জন্যে প্রধানমন্ত্রীর বিশেষ তহবিল থেকে প্রাপ্ত নয়টি চেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। পরে মন্ত্রী জেলার বজ্রিরগ লেছা উচ্চ বিদ্যালয়ে বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানেও বক্তব্য রাখেন।